সাবেক নৌমন্ত্রী শাজাহান খানের পেট্রোল পাম্পে হামলা-ভাঙচুর



ছবি: সংগৃহীত

মাদারীপুরে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা ও সাবেক নৌপরিবহনমন্ত্রী শাজাহান খানের মালিকানাধীন সার্বিক পেট্রোল পাম্পে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে।

বুধবার (১৮ নভেম্বর) রাতে শহরের নতুন বাসস্ট্যান্ড এলাকায় মাদারীপুর-ঢাকা মহাসড়কের পাশে পাম্পটিতে এ হামলা হয়।

স্থানীয় সূত্রে জানা যায়, রাতে হেলমেট পরা একদল ব্যক্তি দেশীয় অস্ত্র নিয়ে পাম্পে ঢুকে অফিস কক্ষ লক্ষ্য করে ইটপাটকেল ছুড়তে থাকে। এ সময় পাম্পের বিভিন্ন স্থাপনা ভাঙচুর করা হয়। হামলার সময় কর্মীরা ভয়ে সরে যান। পরে স্থানীয় লোকজন ও পথচারীরা এগিয়ে এলে হামলাকারীরা দ্রুত চলে যায়।

পাম্পের কর্মী ইব্রাহিম মিয়া বলেন, তাঁরা তখন গাড়িতে তেল দিচ্ছিলেন। হঠাৎ হেলমেট পরা কয়েকজন অস্ত্র নিয়ে এসে অফিস কক্ষে ইটপাটকেল নিক্ষেপ ও ভাঙচুর শুরু করেন। পরে স্থানীয় লোকজন এগিয়ে এলে তাঁরা পালিয়ে যান।

মাদারীপুর সদর থানার ওসি আবুল কালাম আজাদ বলেন, সার্বিক পেট্রোল পাম্পে ভাঙচুরের ঘটনা ঘটেছে। কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা খতিয়ে দেখা হচ্ছে।